# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৭৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯০]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ নসীহত করার সময় অপছন্দনীয় বিষয়ের প্রতি রাগান্বিত হওয়া

باب الْغَضَبِ فِي الْمَوْعِظَةِ وَالتَّعْلِيمِ إِذَا رَأَى مَا يَكْرَهُ

আরবী

□□ـ عَنْ أَبِي مَسْعُودٍ الأَنْصَارِيِّ قَالَ: قَالَ رَجُلٌ: يَا رَسُولَ اللَّهِ، لا أَكَادُ أُدْرِكُ الصَّلاةَ مِمَّا يُطَوِّلُ بِنَا فُلانٌ، فَمَا رَأَيْتُ النَّبِيَّ فِي مَوْعِظَةٍ أَشَدَّ غَضَبًا مِنْ يَوْمِئِذٍ، فَقَالَ: أَيُّهَا النَّاسُ، إِنَّكُمْ مُنَفِّرُونَ، فَمَنْ صَلَّى بِالنَّاسِ فَلْيُخَفِّفْ، فَإِنَّ فِيهِمُ الْمَرِيضَ وَالضَّعِيفَ وَذَا الْحَاجَةِ. (بخارى:□□

বাংলা

৭৯) আবু মাসউদ আনসারী (রাঃ) হতে বর্ণিত, একজন লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর কাছে আরয করলঃ হে আল্লাহর রাসূল! অমুক ব্যক্তি নামায এত লম্বা করে যার কারণে তার সাথে জামাআতে নামায পড়া আমার পক্ষে সম্ভব হচ্ছেনা। বর্ণনাকারী বলেনঃ আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে নসীহত করার সময় ঐ দিনের চেয়ে অধিক রাগ করতে আর কখনও দেখিনি। তিনি বলছিলেনঃ হে লোক সকল! তোমরা মানুষদেরকে দ্বীন থেকে দূরে সরিয়ে দিচ্ছ!! যে ব্যক্তি লোকদের ইমাম হয়ে নামায পড়াবে সে যেন নামায দীর্ঘায়িত না করে। কারণ তার পেছনে নামায আদায়কারীদের মধ্যে রয়েছে অসুস্থ, দুর্বল এবং কর্মব্যস্ত মানুষ।

## English

To be furious while preaching or teaching if one sees what one hates

Narrated Abu Mas`ud Al-Ansari:

Once a man said to Allah's Messenger (ﷺ) "O Allah's Messenger (ﷺ)! I may not attend the (compulsory congregational) prayer because so and so (the Imam) prolongs the prayer when he leads us for it. The narrator added: "I never saw the Prophet (ﷺ) more furious in giving advice than he was on that day. The Prophet said, "O people! Some of you make others dislike good deeds (the prayers). So whoever leads the people in prayer should shorten it

because among them there are the sick the weak and the needy (having some jobs to do).

## ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৯০
ইসলামিক সেন্টারঃ ৯০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88774

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন